

নিরপেক্ষ শুনানির আদেশ বাস্তবায়ন সংক্রান্ত শ্রেণিস্বার্থ মামলার নিষ্পত্তি

দাবি পেশের নির্দেশনা

সমঝোতালব্ধ কোন সুবিধা লাভ করতে হলে আপনাকে অবশ্যই সংযুক্ত ক্রেইম ফরমটি পূরণ করে ৩০ জুন, ২০০৮ তারিখের বা তার আগের ডাকমোহরসহ ফেরত পাঠাতে হবে। আপনি যদি উক্ত সময়সীমার মধ্যে একটি বৈধ ক্রেইম ফরম ফেরত দিতে ব্যর্থ হন, আপনার দাবি প্রত্যাখ্যাত হবে এবং আপনি এসব সুবিধালাভের সকল অধিকার হারাবেন। আপনি যদি শ্রেণিস্বার্থ বিজ্ঞপ্তিতে ব্যাখ্যাত শ্রেণি থেকে আপনার নাম খারিজের অনুরোধ না জানিয়ে থাকেন, তাহলে এই ক্রেইম ফরম আপনি ফেরত না দিলেও আপনাকে সমঝোতা চুক্তি, দাবির স্বত্বভোগ্য এবং চূড়ান্ত রায়ের বাধ্যবাধকতা মেনে চলতে হবে, ।

ক্রেইম ফরম পূরণের সময়ে আপনার যদি কোন প্রশ্ন জাগে, অনুগ্রহ করে 1-800-918-8061 নম্বরে ফোন করুন, [www.hearingordersettlement.com](http://www.hearingordersettlement.com) ওয়েবসাইট দেখুন, অথবা 1-212-947-9779 এক্সটেনশন 577 নম্বরে অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন-কে ফোন করুন।

I. দাবি জানানোর যোগ্য কে

দাবি জানানোর যোগ্যতা অর্জনে আপনাকে অবশ্যই নিচের শর্তগুলো পূরণ করতে হবে:

1. আপনি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (“ডিওই”) এর বিরুদ্ধে নিরপেক্ষ শুনানি অফিসারের কাছ থেকে আপনার অনুকূলে রায় পেয়েছেন অথবা ১৩ ডিসেম্বর, ২০০০ তারিখে বা তার পরে এবং ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখে বা তার আগে ডিওই এর সাথে নিরপেক্ষ শুনানিতে একটি সমঝোতাচুক্তি নথিভুক্ত করা হয়েছে এবং
2. আপনি উক্ত রায় বা চুক্তির পূর্ণ ও সময়োচিত বাস্তবায়ন লাভ করেননি। ডিওই যদি বর্তমানে আপনার রায় বা চুক্তি বাস্তবায়ন করেও থাকে, তারপরও আপনি দাবি পেশ করতে পারেন যদি ডিওই যথাসময়ে তা করায় ব্যর্থ হয়ে থাকে।

II. কীভাবে দাবি করতে হবে

1. প্রথম ধাপ – ক্রেইম ফরম পূরণ করে সই করুন

কোন পেমেণ্ট, ভাউচার, বা ব্যয়ফেরতের জন্য যোগ্যতা অর্জনে আপনাকে অবশ্যই আপনার কাঙ্ক্ষিত সুবিধার ধরন চিহ্নিত করতে এবং প্রত্যয়নপত্র স্বাক্ষর করতে হবে। যদি আপনার প্রাপ্ত রায় বা চুক্তি পূর্ণ ও সময়োচিতভাবে বাস্তবায়ন করা না হয়ে থাকে, আপনি নিচের বিষয়গুলোর জন্য দাবি করতে পারেন:

1. আপনি যে-পরিষেবা গ্রহণ করেছেন, নিরপেক্ষ শুনানির রায় অনুসারে ডিওইকে তার ব্যয় সরাসরি বেসরকারি স্কুল বা বেসরকারি পরিষেবা প্রদানকারীকে পরিশোধ করা বা আপনাকে ফেরত দেয়া,
2. শিক্ষা পরিষেবা বা সহায়তামূলী প্রযুক্তির জন্য ভাউচার এবং/অথবা
3. শিক্ষা পরিষেবা বা সহায়তামূলী প্রযুক্তির ব্যয়ফেরত।

আপনি কোন ধরনের নিবৃত্তি লাভ করতে পারেন তা নির্ভর করে আপনি যে-রায় লাভ করেছেন তাতে নিচের বর্ণনা অনুসারে ডিওইকে কী করতে নির্দেশ দেয়া হয়েছে তার উপর। নিবৃত্তির ধরনগুলো ক্রেইম ফরমে এবং আপনি এই ক্রেইম ফরমের সাথে যে-বিজ্ঞপ্তি লাভ করেছেন তাতে বর্ণনা করা হয়েছে।

আপনি যদি ১৩ ডিসেম্বর, ২০০০ তারিখে বা তার পরে এবং ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখে বা তার আগে একটির বেশি রায় পেয়ে থাকেন এবং এসব রায়ের একাধিকটির জন্য দাবি পেশ করেন, আপনাকে অবশ্যই প্রতিটি রায়ের জন্য আলাদা ক্রেইম ফরম পেশ করতে হবে। আপনি একটি স্কুলবছরে শুধু একটি রায়লব্ধ নিবৃত্তি লাভ করবেন।

## 2. দ্বিতীয় ধাপ – প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করুন

A. আপনার প্রুফ অব ক্রেইম ফরমের সাথে আপনাকে অবশ্যই নিচে উল্লিখিত কাগজপত্র দাখিল করতে হবে যদি না আপনি গুধু ক্ষতিপূরণমূলক শিক্ষা পরিষেবা বা সহায়তামূলী প্রযুক্তির জন্য একটি ভাউচার প্রার্থনা করে থাকেন:

1. প্রদানকারীর লেটারহেডে পাওনা বা বকেয়া পাওনার পরিমাণ উল্লেখ এবং প্রদত্ত পরিষেবার বর্ণনাসহ ইনভয়েস, অথবা পাওনা বা বকেয়া পাওনার পরিমাণ উল্লেখ এবং প্রদত্ত পরিষেবার বর্ণনাসহ প্রদানকারীর এফিডেভিট; এবং
2. বাতিলকৃত চেকের উভয় পিঠের কপি, ক্রেডিট কার্ডের বিবরণী, ব্যাংকের বিবরণী, অথবা ইলেকট্রনিক জমা প্রমাণ করে এমন অনলাইন স্কিনের ছবি, ঋণচুক্তির কপি, অথবা অর্থপ্রদানের বিবরণযুক্ত এফিডেভিট।
  - a. উপরে ১ অনুচ্ছেদে বর্ণিত নথিপত্রের কোনটি যদি আপনি সংগ্রহ করতে না পারেন, কেন নথিটি পাওয়া যাচ্ছে না উল্লেখ করে আপনি নিরপেক্ষ নিরীক্ষককে চিঠি লিখে সেটি আপনার ফরমের সাথে সংযুক্ত করতে পারেন। নিরপেক্ষ নিরীক্ষক নথি প্রদানে আপনার ব্যর্থতার সম্ভাব্যজনক কারণ আছে এমন মনে করতে বা নাও করতে পারেন।
  - b. আপনার প্রাপ্ত রায়ে ডিওইকে যদি একটি নির্দিষ্ট ডলার পরিমাণ অর্থ পরিশোধ করার নির্দেশ দেয়া হয়ে থাকে এবং আপনি সেই অঙ্কই দাবি করে থাকেন, আপনাকে কোন নথিপত্র সংযুক্ত করতে হবে না।
  - c. আপনার প্রাপ্ত রায়ে ডিওইকে যদি আপনার পরিবর্তে অন্য কাউকে অর্থ প্রদানের কথা বলা হয়ে থাকে এবং আপনি সেই অর্থ পরিশোধের দাবি জানিয়ে থাকেন, আপনাকে উপরের ২ অনুচ্ছেদের বর্ণিত কোন নথিপত্র দাখিল করতে হবে না।
  - d. আপনার রায়ের তারিখ যদি ১ জুলাই ২০০৬ বা তার পরের তারিখ হয়ে থাকে, আপনি এই ফরম জমা দেয়ার পর অন্যান্য নথি জমা দিতে পারেন যদি তা চূড়ান্ত নিষ্পত্তি তারিখের দু বছরেরও বেশি সময় পর না হয়ে থাকে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই নথি জমা না দেয়া অবধি দাবি পরিশোধ করা হবে না।

## 3. তৃতীয় ধাপ – ক্রেইম ফরম ক্রেইমস্ অ্যাডমিনিস্ট্রেটরের কাছে ৩০ জুন, ২০০৮ তারিখের মধ্যে ডাকযোগে প্রেরণ করুন।

পূরণকৃত ফরম পাঠানোর ঠিকানা:

LV et al v NYC Dept of Education  
c/o The Garden City Group, Inc.  
PO Box 9000 #6495  
Merrick, NY 11566-9000